টেস্ট থেকে অবসরের ঘোষণা দিলেন এলগার

দক্ষিণ আফ্রিকার সাবেক টেস্ট অধিনায়ক ও ওপেনিং ব্যাটার ডিন এলগার আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন। নতুন বছরে ভারতের বিপক্ষে টেস্ট সিরিজ দিয়ে নিজের ব্যাট-প্যাড তুলে রাখার সিদ্ধান্ত নিয়েছেন ৩৬ বছর বয়সী এই ক্রিকেটার।

নিজের অবসরের বিষয় সামনে এনে এক বিবৃতিতে এলগার বলেন, ‘ক্রিকেট খেলা সবসময়ই আমার স্বপ্ন ছিল কিন্তু আপনার দেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাওয়াটাই অনেক বড় ভাগ্যের ব্যাপার। ১২ বছর ধরে আন্তর্জাতিকভাবে দেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাওয়া আমার জীবনের সবচেয়ে বড় প্রাপ্তি ছিল। এটি একটি অবিশ্বাস্য যাত্রা যা আমি নিজেকে যথেষ্ট ভাগ্যবান মনে করি। আগামী কেপটাউন টেস্ট হবে আমার শেষ। কেননা কেপটাউনে নিউজিল্যান্ডের বিপক্ষে ম্যাচ আমি প্রথমবারের মতো সেঞ্চুরির দেখা পাই এবং আমি এই মাঠেই আমার এই দীর্ঘ ক্যারিয়ারের ইতি টানতে চাই।’

এর আগে ২০১২ সালে অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ দিয়ে ক্রিকেটের এই আভিজাত্যের ফরম্যাটে অভিষেক হয় তার। এখন পর্যন্ত ৮৪ টেস্টে ১৪৯ ইনিংস ব্যাট করে ৩৭.২৮ গড়ে ৫১৪৬ রান সংগ্রহ করেন এই ব্যাটার। সেই সঙ্গে টেস্ট ক্রিকেট ১৩টি সেঞ্চুরির পাশাপাশি ২৩টি হাফ-সেঞ্চুরি করেন এই প্রোটিয়া ব্যাটার। এছাড়া টেস্ট টেম্বা বাভুমাকে দায়িত্ব দেওয়ার আগে ২০২১ সালের মে থেকে ২০২৩ সালের জানুয়ারির মধ্যে সাউথ আফ্রিকাকে ১৭টি ম্যাচে নেতৃত্ব দেন এলগার। এর মধ্যে ৯টি ম্যাচেই জিতেছে প্রোটিয়া। তার নেতৃত্বে ১ ড্র ও ৭ ম্যাচ হেরেছে সাউথ আফ্রিকা।

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার

মিলের মাড়াই মৌসুমের উদ্বোধন

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম ভারিশিল্প মোবারকগঞ্জ সুগার মিলের ২০২৩-২৪ ম্ড়াাই মৌসুমের উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার বিকালে মিলের ডোঙ্গায় আখ ফেলে উদ্বোধন করেন বিএসএফআইসি এর প্রধান প্রকৌশলী মো. শহীদুল ইসলাম। চলতি মাড়াই মৌসুমে ৪০ দিনে ৫০ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ৩ হাজার মেট্রিক টন চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। চিনি আহরণের গড় ৬ শতাংশ হলে এ পরিমান চিনি উৎপাদন হবে বলে জানান কর্তৃপক্ষ। এবছর মিলে প্রতিমন আখের দাম ধরা হয়েছে ২২০ টাকা। এর আগের বছর মন ছিল ১৮০ টাকা। উদ্বোধনের আগে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মিলের ব্যবস্থাপনা পরিচালক মুহম্মদ সাইফুল ইসলামের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

গত ২০২২-২৩ মাড়াই মৌসেুম মিলটি আখের অভাবে মাত্র ২৮ দিনে শেষ করে। ওই মৌসুমে কৃষকরা মাঠে আখ রোপন না করায় মিলের রেকর্ডে সবথেকে কম সময় উৎপাদনে ছিল মিলটি। এ সময়ে মিলটি ৩৫ হাজার ৩৬০ মেট্রিক টন আখ মাড়াই করে ১ হাজার ৭৪৫ মেট্রিক টন চিনি উৎপাদন করেছিল। ওই বছর আখের মন ছিল ১৮০ টাক্।◌া যদিও মিলে রেকর্ড বলছে এর আগে প্রতি মৌসুমে মিল এলাকার কৃষকরা ৮ থেকে ১০ হাজার হেক্টর জমিতে আখচাষ করতো। নানা প্রতিকূল পরিবেশ এবং অল্প সময়ে ফুল ফলসহ বিভিন্ন লাভজনক ফসল চাষ হওয়ায় কমে যাচ্ছে আখচাষ। এছাড়া আখের মুল বৃদ্ধিও ছিল অন্যতম একটি কারন। তবে চলতি মৌসুমে আখের দাম বৃদ্ধি করায় কৃষকরা আবার আখচাষে ফিরছে বলে জানান কৃষকরা ও সংশ্লিষ্ট কর্মকর্তারা।

মিলের মহা-ব্যবস্থাপক (কৃষি) গৌতম কুমার মন্ডল জানান, চলতি রোপন মৌসুমে ৫ হাজার একর জমিতে আখ চাষের লক্ষমাত্রা নির্ধারন করা হয়। গত এক মাসে ২ হাজার ৫০ একর জমিতে চাষ হয়েছে। সামনে আরো এক মাসে প্রায় ১ হাজার জমিতে কৃষকরা আখ চাষ করবে বলে আশিা করা হচ্ছে। এছাড়া মাঠে দন্ডায়মান ৩ হাজার একরের মধ্যে প্রায় দুই হাজার একর মুড়ি আখ থাকবে। সব মিলিয়ে আগামি ২০২৪-২৫ মাড়াই মৌসুমে আখ রোপন ও চিনি উৎপাদন বাড়বে। কৃষকরা আখের মূল্য বেশি পাওয়ায় এবছর আখচাষে ঝুকছেন বলেও যোগ করেন এ কর্মকর্তা।

উল্লেখ্য, ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা শহরে ১৯৬৫ সালে ৩ কোটি ৪৮ লাখ টাকা ব্যয়ে ২০৭.৯৩ একর নিজস্ব জমির উপর নেদারল্যান্ড সরকার

মোবারকগঞ্জ চিনিকলটি স্থাপন করে। এরমধ্যে ২০.৬২ একর জমিতে কারখানা, ৩৮.২২ একর জমিতে কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীদের জন্য আবাসিক কলোনী, ২৩.৯৮ একর পুকুর এবং ১০৭ একর জমিতে পরীক্ষামূলক ইক্ষু খামার। এছাড়া ১৮.১২ একর জমিতে জুড়ে রয়েছে সাবজোন অফিস ও আখ ক্রয় কেন্দ্র। প্রতিষ্ঠাকালীন মৌসুমে পরীক্ষামূলকভাবে ৬০ কর্মদিবস আখ মাড়াই চলে। লক্ষ্য পূরণ হওয়ায় ১৯৬৭-১৯৬৮ মাড়াই মৌসুম থেকে বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন শুরু করে। ঝিনাইদহের ৬ উপজেলা ছাড়াও যশোরের দু’টি উপজেলা নিয়ে গঠিত মিলে আটটি জোনের আওতায় চাষযোগ্য জমির পরিমাণ রয়েছে সাড়ে তিন লাখ একর। আখ ক্রয় কেন্দ্র রয়েছে ৪৮টি।

ব্লুটুথ অরাকাস্ট: আনলিমিটেড ডিভাইসে পৌঁছুবে অডিও

ভেবে দেখুন অডিটোরিয়ামে বসে আছেন। সামনে একটি স্পিকারে অডিও শোনার সুযোগ। কিন্তু ভেবে দেখুন, এই একটি স্পিকার থেকেই সবাই শুনতে পাচ্ছেন স্পষ্ট; যে প্রান্তেই হোক না কেন ঠিকই শুনছেন। শুধু তাই নয়, অডিটোরিয়ামে বিভিন্ন দেশের মানুষ তাদের নিজের দেশের ভাষায় অডিও শুনছেন। সায়েন্স ফিকশনের মতো এই ঘটনাই তো সম্ভব করছে অরাকাস্ট।

ব্লুটুথ অরাকাস্টের মাধ্যমে একটি রিসিভার একাধিক অডিও এভাবেই স্ট্রিম করতে দেবে৷ অরাকাস্ট একটি ব্লুটুথ ফাংশনালিটি। এই ফাংশনের মাধ্যমে এখন সহজেই অসংখ্য ডিভাইসে অডিও শেয়ার করা যাবে।

সবচেয়ে মজার বিষয়, যারা অডিও শুনবেন তারা সিলেক্ট করতে পারবেন কোন স্ট্রিমটি তারা নেবেন। প্রযুক্তিগত এই সক্ষমতা মূলত ব্লুটুথ লো দ্বারা চালিত। এই প্রযুক্তি ২০২২ সালে প্রথম আবিষ্কৃত হয়। অরাকাস্টের মতো প্রযুক্তি এখন এয়ারপোর্ট বা জনসমাগম হয় এমন জায়গায় যোগাযোগ প্রতিষ্ঠায় সাহায্য করবে।

সূত্র: ইন্ডিয়ান এক্সপ্রেস

সরিষা ফুলের কাব্য

ঘোমটা পড়া হলুদ পরী,
হিম সকালে ডাগর চোখে ফিরে চায়;
শৈশবকাল হেসে খেলে ওই
মিষ্টি রৌদ্রে কেটে যায়।

ধিরে ধিরে পাপড়ি গুলো উড়তে থাকে:
প্রজাপতির মতো হাওয়ায়।
স্বপ্নগুলো আস্তে আস্তে বাসা বাঁধে বুকে ভিতর একটু চাওয়া পাওয়াই।

বুকের মধ্যে পোষ ফুল ডানা মেলতে চায়,
নীল আকাশে মেঘের দেশে হলুদ পরী যায়;
মনে মনে স্বপ্নে ভেসে হারায়।

ও পরী তুই চাসটা কী,যা আমার ক্ষেতে নাই?
মুচকি হাসে বলে সরিষা ফুল:
আগে বলেননি কেন আমায়?
ছেলেরা তো এমনি হয় জানো না তুমি?
ছোট্টবেলা থেকে তোমায় কতো ভালোবাসি।

গাংনীতে নৌকার নির্বাচনী অফিসে দূর্বৃত্তের আগুন

গাংনীর হেমায়েতপুর গ্রামে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থীর একটি নির্বাচনী অফিস আগুনে ভষ্মীভূত হয়েছে। মেহেরপুর-২ সংসদীয় আসনের অনুমোদিত নির্বাচনী অফিসটি রাতের আঁধারে পুড়িয়ে দিয়েছে অজ্ঞাত দুর্বৃত্তরা।

গতকাল শুক্রবার ভোর রাতের কোন এক সময় অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। গাংনী থানা পুলিশের একটি টীম ও আওয়ামীলীগ সমর্থিত প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নির্বাচনী অফিসের দ্বায়িত্বে থাকা কর্মী শরীফুল ইসলাম জানান, রাত ১২টার পর তিনি ও তার লোকজন অফিস বন্ধ করে বাড়ি চলে যান। ভোর চারটার দিকে হঠাৎ আগুন দেখতে পেয়ে চিৎকার দেন তিনি। স্থানীয় লোকজন এসে আগুন নেভানোর চেষ্টা করেন। তবে কে বা কারা এ অগ্নীকান্ডের ঘটনা ঘটাতে পারে সে ব্যাপারে নিশ্চিত নন তিনি সহ স্থানীয় লোকজন।

মেহেরপুর-২ সংসদীয় আসনের নৌকা প্রতীকের প্রার্থী এ এস এম নাজমুল হক সাগর বলেন, ‘উৎসব মুখর পরিবেশে পরিবেশের নির্বাচনের প্রচারণা চলছে। জনমনে ভীতি সৃষ্টির জন্য কেউ এ ধরনের ঘটনা ঘটিয়েছে। গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আমার অনুরোধ ঘটনাটি খতিয়ে দেখে অপরাধীদের যেন দ্রুত বিচারের আওতায় আনা হয়। ‘

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘ সকালেই আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। নির্বাচনী অফিসটির অনুমোদন ছিলো না। ওখানে যে কোন নির্বাচনী অফিস আছে প্রার্থী নিজেই সেটা জানতেন না। আর নির্বাচনী অফিস বলতে সেখানে ছিল একটা তাবু। তাঁবুর পাশে পাটকাঠি রাখা ছিলো। আগুন লাগার পর সেখানে ফায়ার সার্ভিস গেছিলো। কেউ উদ্দেশ্যমূলকভাবে ঘটনাটি ঘটাতে পারে। কারা এ ঘটনাটি ঘটিয়েছে তা খুঁজে বের করার চেষ্টা চলছে। এছাড়াও নৌকার প্রার্থীকে আমরা লিখিত অভিযোগ করতে অনুরোধ করেছিলাম। এখন পর্যন্ত তিনি কোন লিখিত অভিযোগ করেননি।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘অগ্নিকাণ্ডের বিষয়টি নিয়ে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী এখন পর্যন্ত কোন অভিযোগ করেননি। তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। অতি শীঘ্রই ঘটনাটির সাথে জড়িতদের খুঁজে বের করা হবে।’

চুয়াডাঙ্গা ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ পিকআপ গাড়ী জব্দ

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার মাদক বিরোধী অভিযানে ২০০ বোতল ফেন্সিডিলসহ একটি পিকআপ গাড়ী জব্দ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোঃ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ)মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ বৃহস্পতিবার রাত সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন পৌর এলাকা বুজরুকগড়গড়ী বনানিপাড়া ঈদগাহের সামনে গাইদঘাট টু বেলগাছি রেলগেইটগামী পাকা রাস্তার উপর অবস্থান নিলে বেলগাছী রেলগেইট অভিমুখে দ্রুতগামী পিকআপ গাড়ীকে থামানোর নির্দেশ দিলে দ্রুত পিকআপ গাড়ী রেখে দুইজন আসামী দৌড়ে পালিয়ে যায়।

উপস্থিত সাক্ষীদের সম্মুখে পিকআপ গাড়ী তল্লাশি করে পিকআপের ভিতরে রাখা আমের ক্যারেটের মধ্যে বিশেষ কায়দায় রক্ষিত ২০০ (দুইশত) বোতল ফেন্সিডিলি উদ্ধার পূর্বক পিকআপ গাড়ী ও অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল জব্দ করেন। পলাতক ও অজ্ঞাতনামা আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের

১৫১৮তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি ১৫১৮তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫১৮তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল । স্বরচিত লেখা পাঠ গোলাম কবীর মুকুল, বনলতা,চিত্ত রঞ্জন সাহা চিতু,আবু নাসিফ খলিল,হুমায়ুন কবীর,শহিদুল ইসলাম,আব্দুল গণি, হোসেন মোহাম্মদ ফারুক,জামাল উদ্দীন বেঙ্গলী,সুমন মালিক,কাজল গুরু,সুমন ইকবাল, এম এ মামুন প্রমুখ।চিরায়ত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ ।

স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি চমন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি নাছিম সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় নৌকা প্রতীকের পক্ষে নির্বাচনী প্রচারনা সভা

আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এ নির্বাচনকে ঘিরে শুরু হয়েছে প্রচার প্রচারনা।আজ শুক্রবার সন্ধায় দর্শনা ইসলাম বাজার ফ্রেন্ডস আইডিয়াল ক্লাব চত্তরে নৌকা প্রতিকের পক্ষে প্রচারনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল গফুরের সভাপত্বিতে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই। তাই আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামীলীগ সরকার গঠনে সহায়তা করুন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর আআওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,আওয়ামীলীগ নেতা, জাহিদুল ইসলাম,বিল্লাল হোসেন,মাওঃ ওমর আলী,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট,সহ সম্পাদক আব্দুল মান্নান খান,প্রমুখ।

অনুষ্টানটি উপস্থাপনা করেন, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ আসলাম আলী তোতা।

নিয়োগ দেবে ওয়েভ ফাউন্ডেশন, বেতন ৫০ হাজার টাকা

বেসরকারি সংস্থা ওয়েভ ফাউন্ডেশন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটিতে টেকনিক্যাল অফিসার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারেন।

পদের নাম

টেকনিক্যাল অফিসার।

যোগ্যতা

স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতকোত্তোর পাস হতে হবে। সমাজ বিজ্ঞান, আইন, এনথ্রোপলজি, সমাজ কল্যানে স্নাতকোত্তোর ডিগ্রিধারী হলে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স সর্বোচ্চ ৪০ বছর। কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে এবং বাংলা ও ইংরেজি প্রতিবেদন লেখায় পারদর্শি হতে হবে। মোটর সাইকেল চালনা জানতে হবে ও বৈধ লাইসেন্স থাকতে হবে।

কর্মস্থল

পটুয়াখালী।

বেতন ভাতা

৫০,০০০/- (মাসিক)।

আবেদন প্রক্রিয়া

প্রার্থীদের বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনের সময়

৩১ ডিসেম্বর ২০২৩

সূত্র : বিডিজবস